বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০২

তারিখঃ- ১৫ ফাল্গুন, ১৪২৫
২৭ ফেব্রুয়ারী, ২০১৯

প্রধান নির্বাহী/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশ, বিভিন্ন পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখ বৃহস্পতিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহে সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিধি অনুবিভাগ, বিধি-৪ শাখার ২৫/০২/২০১৯ তারিখের প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৩.১৭-৩৮,৩৯ এবং ২৬/০২/২০১৯ তারিখের তারিখের প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১. ১৭-৪০ এর সূত্রে নিম্নোক্ত নির্বাচনি এলাকাসহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় ভোট গ্রহণের দিন ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এতদপ্রেক্ষিতে, আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকাসহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয় ও সকল শাখা আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখ বৃহস্পতিবার বন্ধ থাকবে। তবে, ছুটির আওতা বর্হিভূত শাখাসমূহের আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালু রাখার লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

| ক্রমিক নম্বর | জেলা | সিটি কর্পোরেশণ/ উপজেলা/পৌরসভা | ইউনিয়ন | নির্বাচন সংশ্লিষ্ট পদসমূহের নাম |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | -- | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন মেয়রের শূণ্য পদে নির্বাচন। |
| ২ | ঢাকা | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | -- | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে কাউন্সিল পদে নির্বাচন। |
| ৩ | বরগুনা | আমতলী | -- | আমতলী পৌরসভার সাধারণ নির্বাচন (মেয়র পদ ব্যতীত)। |
| ৪ | ঝিনাইদহ | কালিগঞ্জ | | কালিগঞ্জ মেয়রের শূণ্য পদে নির্বাচন |
| ৫ | দিনাজপুর | বিরল | আজিমপুর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | ফরক্কাবাদ | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | বিরল | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৬ | ময়মনসিংহ | নান্দাইল | বীর বেতাগৈর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | চর বেতাগৈর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৭ | ফরিদপুর | ফরিদপুর সদর | চাঁদপুর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | মধুখালী | নওপাড়া | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৮ | শরীয়তপুর | ভেদরগঞ্জ | কাচিকাটা | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯ | কুমিল্লা | বরুড়া | গালিমপুর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১০ | চট্টগ্রাম | ফটিকছড়ি | নানুপুর (নবগঠিত) | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | খিরাম(নবগঠিত) | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১১ | পটুয়াখালী | পটুয়াখালী | -- | পটুয়াখালী পৌরসভার সাধারণ নির্বাচন। |

উল্লেখ্য, যে সব নির্বাচতি এলাকায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/বুথ নেই সে সব এলাকার জন্য অত্র সার্কুলার প্রযোজ্য হবে না ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/=

(মোঃ রজব আলী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৫১৮